

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)

৮ রাজউক এডিনিউ, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০২.২৩. ১৩৯৯ (ক)

তারিখ: ২৭ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি

অফিসার (গ্রেড-১০) পদে নিয়োগের লক্ষ্যে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম জমা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৭ জানুয়ারি ২০২৩ তারিখের বিজ্ঞপ্তি নং ০৯/২০২৩ এর মাধ্যমে প্রকাশিত ফলাফল অনুসারে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এ অফিসার (গ্রেড-১০) পদে নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত রোল নম্বর সম্বলিত ০৫ (পাঁচ) জন প্রার্থী প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেনঃ

১০২৩৫৮, ১৩২১০৪, ১৬০৪৮০, ১৬৯৫৮৯, ১৯১৩১৫ =০৫জন।

০২। অফিসার (গ্রেড-১০) পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে কর্পোরেশনের ওয়েবসাইট (www.icb.gov.bd) হতে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্রাদি ক্রমানুসারে সংযুক্ত করে উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি), প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪), ৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০ বরাবর আগামী ১০ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার মারফত/সরাসরি জমা করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে:

- ১) রোল নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- ২) সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি (ল্যাব প্রিন্ট);
- ৩) বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত প্রবেশপত্র;
- ৪) আবেদনকালীন চলমান ডিগ্রি/আবেদন পরবর্তীকালে সম্পাদিত মাতকোত্তর/সমমান ডিগ্রির সনদের সত্যায়িত কপি;
- ৫) অনলাইন আবেদনে উল্লিখিত সর্বশেষ অর্জিত ডিগ্রির সপক্ষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি;
- ৬) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত কপি;
- ৭) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি;
- ৮) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
- ৯) বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বিবেচ্য প্রমাণক হিসেবে প্রয়োজনীয় দলিলাদির সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৩। কোনো প্রার্থী ১০ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম ও আনুষঙ্গিক কাগজপত্র জমা প্রদানে ব্যর্থ হলে তিনি নিয়োগের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(এস. এম. সিরাজুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ই-মেইল: agm_hr@icb.gov.bd

ফোন : ০২-৪১০৫০৬১৭